বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং-এসি/পরীক্ষা আইন-কানুন/২০১৫-২০১৬/রে- ৩৮৬ (২০০) তারিখ: ২৭/০৭/১৫

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১১/০৭/২০১৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৪১৬ তম অধিবেশনের প্রস্তাব নং- এ ১৫০৫০৩ এর প্রেক্ষিতে **আন্ডার গ্রাজুয়েট, পোস্ট গ্রাজুয়েট এবং ক্লাশ টেস্ট পরীক্ষা সংক্রান্ত আইন-কানুন এর বিভিন্ন ধারা সংশোধন/সংযোজন** করার বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সুপারিশসমূহে কিছু সংশোধন পূর্বক পরিশিষ্ট-২ (কপি সংযুক্ত) মোতাবেক অনুমোদিত হইয়াছে। একাডেমিক কাউন্সিলের অনুমোদিত পরীক্ষা সংক্রান্ত সংযুক্ত আইন-কানুন অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাইতেছে।

(প্রফেসর ড. এ কে এম মাসুদ)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

বিতরণঃ

১। আহ্বায়ক, স্নাতক, স্নাতকোত্তর এবং ক্লাশ টেষ্ট সংক্রান্ত আইন-কানুন এর বিভিন্ন ধারা সংশোধন/সংযোজন করার বিষয়ে সুপারিশ প্রদান সংক্রান্ত কমিটি ও ডীন, ত.ই কৌশল অনুষদ, বাপ্রবি, ঢাকা।
২। ডীন, সকল অনুষদ, বাপ্রবি, ঢাকা।
৩। প্রধান, সকল বিভাগ, বাপ্রবি, ঢাকা। (বিভাগীয় নোটিশ বোর্ডে পরীক্ষা আইন-কানুনের কপি প্রদর্শনের অনুরোধসহ)
৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, বাপ্রবি, ঢাকা।
৫। পরিচালক, ছাত্রকল্যাণ পরিদপ্তর, বাপ্রবি, ঢাকা।
৬। পরিচালক, আই.আই.সি.টি, বাপ্রবি, ঢাকা- (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
৭। পরীক্ষা নিয়ন্ত্রক, বাপ্রবি, ঢাকা।
৮। প্রভোস্ট, সকল হল, বাপ্রবি, ঢাকা। (বিভাগীয় নোটিশ বোর্ডে পরীক্ষা আইন-কানুনের কপি প্রদর্শনের অনুরোধসহ)
৯। এ পি এস টু ভিসি, বাপ্রবি, ঢাকা।

all teachers

D:\Academic\admn\letter_bng1.doc

CSE

পরিশিষ্ট- ২

পরীক্ষা সংক্রান্ত বর্তমান আইন-কানুন	পরীক্ষা সংক্রান্ত প্রস্তাবিত আইন-কানুন
যে সমস্ত পরীক্ষার্থী নিয়ম-কানুন ভঙ্গ করিয়া অসাধু পন্থা অবলম্বন করিবে এবং/অথবা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার কক্ষে শৃঙ্খলাভঙ্গের জন্য অভিযুক্ত হইবে, তাহাদের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের জন্য নিম্নবর্ণিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।	যে সমস্ত পরীক্ষার্থী নিয়ম-কানুন ভঙ্গ করিয়া অসাধু পন্থা অবলম্বন করিবে এবং/অথবা বিশ্ববিদ্যালয়ের যে কোন পরীক্ষায় শৃঙ্খলা ভঙ্গের জন্য অভিযুক্ত হইবে, তাহাদের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের জন্য নিম্নবর্ণিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে। কোন বিষয়ের পরীক্ষা বাতিল হইলে পরীক্ষার্থী উক্ত বিষয়ে ঐ টার্ম/সেমিস্টারে F গ্রেড প্রাপ্ত হইবে।
১। অন্য পরীক্ষার্থী অথবা পরীক্ষার্থীদের সহিত পরীক্ষা-কক্ষে যোগযোগের চেষ্টা করা শাস্তিযোগ্য অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে - (ক) প্রথমবার সতর্কীকরণসহ প্রয়োজনবোধে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের বসার জায়গা পরিবর্তন, (খ) দ্বিতীয়বার সংশ্লিষ্ট পরীক্ষাপত্রের মোট নম্বরের ৫% হ্রাস এবং (গ) তৃতীয়বার পরীক্ষা কক্ষ হইতে উক্ত পরীক্ষাপত্রের জন্য বহিষ্কার এবং সংশ্লিষ্ট পত্রের মোট নম্বরের ১০% হ্রাস করা হইবে।	১। পরীক্ষা-কক্ষে অন্য পরীক্ষার্থী অথবা পরীক্ষার্থীদের সহিত যোগযোগের বা অন্যের প্রশ্নোত্তর দেখার চেষ্টা করা অথবা প্রশ্নপত্রে পরীক্ষার উত্তর সংক্রান্ত কোন কিছু লেখা শাস্তিযোগ্য অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে - (ক) প্রথমবার সতর্কীকরণসহ প্রয়োজনবোধে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের বসার জায়গা পরিবর্তন, (খ) দ্বিতীয়বার সংশ্লিষ্ট বিষয়ের মোট নম্বরের ৫% হ্রাস এবং (গ) তৃতীয়বার পরীক্ষা কক্ষ হইতে বহিষ্কার ও সংশ্লিষ্ট বিষয়ের মোট নম্বরের ১০% হ্রাস করা হইবে।
২। পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীর নিকট পরীক্ষার নির্দিষ্ট বিষয় সংক্রান্ত কোন লিখিত কাগজ থাকা অপরাধ। পরীক্ষার্থীর নিকট এইরূপ কোন কাগজ পাওয়া গেলে অথবা এইরূপ কোন সূত্র হইতে নকল করিলে বা নকল করিবার চেষ্টা করিলে (ক) পরীক্ষার্থীর নিকট পাওয়া লিখিত ঐ কাগজ আটক; (খ) পরীক্ষার্থীকে তৎক্ষণাৎ পরীক্ষা কক্ষ হইতে বহিষ্কার; (গ) ঐ পরীক্ষা বাতিল এবং (ঘ) পরীক্ষার্থীকে এক অথবা দুই বৎসরের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।	২। পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীর নিকট পরীক্ষার নির্দিষ্ট বিষয় সংক্রান্ত কোন লিখিত কাগজ বা কোন electronic মাধ্যম (mobile phone, digital diary ইত্যাদি) থাকা অপরাধ। পরীক্ষার্থীর নিকট এইরূপ কোন কাগজ বা electronic মাধ্যম পাওয়া গেলে অথবা এইরূপ কোন সূত্র হইতে নকল করিলে বা নকল করিবার চেষ্টা করিলে (ক) পরীক্ষার্থীর নিকট পাওয়া লিখিত ঐ কাগজ বা electronic মাধ্যম বাজেয়াপ্তকরণ; (খ) পরীক্ষার্থীকে তৎক্ষণাৎ পরীক্ষা কক্ষ হইতে বহিষ্কার; (গ) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (ঘ) পরীক্ষার্থীকে দুই হইতে চার টার্ম/সেমিস্টারের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।
৩। পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই প্রশ্নপত্র অথবা প্রশ্নোত্তরের খাতা পাওয়ার চেষ্টা করা শাস্তিযোগ্য অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে ঐ পরীক্ষার্থীকে (ক) সকল পরীক্ষা হইতে বহিষ্কার এবং (খ) এক বা দুই বৎসরের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।	৩। পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই প্রশ্নপত্র অথবা প্রশ্নোত্তরের খাতা পাওয়ার চেষ্টা করা শাস্তি যোগ্য অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে ঐ পরীক্ষার্থীর (ক) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (খ) দুই হইতে চার টার্ম/সেমিস্টারের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।
৪। পরীক্ষক বা তদারককারীর সহিত অশালীন বা উগ্র ভাষা ব্যবহার বা ভীতি প্রদর্শন শাস্তিযোগ্য অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে ঐ পরীক্ষার্থীর (ক) অবশিষ্ট সকল পরীক্ষা হইতে বহিষ্কার এবং (খ) বিশ্ববিদ্যালয় হইতে চিরকালের জন্য বহিষ্কার করা হইবে।	৪। পরীক্ষক বা তদারককারীর সহিত অশালীন বা উগ্র ভাষা ব্যবহার বা ভীতি প্রদর্শন শাস্তি যোগ্য অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে ঐ পরীক্ষার্থীর (ক) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (খ) বিশ্ববিদ্যালয় হইতে চিরকালের জন্য বহিষ্কার করা হইবে।

13-7-2015

পরীক্ষা সংক্রান্ত বর্তমান আইন-কানুন	পরীক্ষা সংক্রান্ত প্রস্তাবিত আইন-কানুন
৫। পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন কোন লেখা বা অপ্রাসংগিক কাগজ পরীক্ষার্থীর নিকট থাকা অপরাধ। এইরূপ লেখা বা কাগজ পাওয়া গেলে (ক) ঐগুলি আটক; (খ) প্রশ্নোত্তরের খাতা বাতিল এবং (গ) পরীক্ষা কক্ষ হইতে বহিষ্কার।	৫। পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট নয় এমন কোন লেখা, অপ্রাসংগিক কাগজ বা কোন electronic মাধ্যম (mobile phone, digital diary ইত্যাদি) পরীক্ষার্থীর নিকট থাকা অপরাধ। এইরূপ লেখা, কাগজ বা electronic মাধ্যম পাওয়া গেলে (ক) ঐগুলি আটক; এবং (খ) ভবিষ্যতের জন্য পরীক্ষার্থীকে সতর্ক করা হইবে।
৬। পরীক্ষককে প্রভাবান্বিত করিবার চেষ্টা করা পরীক্ষার্থীর পক্ষে অপরাধ। এইরূপ করিলে পরীক্ষার ঐ খাতা বাতিল বলিয়া গণ্য হইবে।	৬। পরীক্ষককে প্রভাবান্বিত করিবার চেষ্টা করা পরীক্ষার্থীর পক্ষে অপরাধ। এইরূপ করিলে ঐ বিষয়ের পরীক্ষার খাতা বাতিল বলিয়া গণ্য হইবে।
৭। প্রশ্নের উত্তর বা উত্তরসমূহ, পরীক্ষা কক্ষের বাহির হইতে লিখিত অবস্থায় সংগ্রহ করা বা প্রশ্নোত্তর খাতার সাথে সংযোজিত করা গুরুতর অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে ঐ পরীক্ষার্থীর (ক) সম্পূর্ণ পরীক্ষা বাতিল এবং (খ) এক বা দুই বৎসরের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।	৭। প্রশ্নের উত্তর বা উত্তরসমূহ লিখিত অবস্থায় বা ইলেকট্রনিক মাধ্যমে সংগ্রহ করা বা প্রশ্নোত্তর খাতার সাথে সংযোজিত করা গুরুতর অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে ঐ পরীক্ষার্থীর (ক) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (খ) দুই হইতে চার টার্ম/সেমিস্টারের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।
৮। পরীক্ষার্থীর পক্ষে অন্য কোন ব্যক্তি পরীক্ষা দেওয়া অথবা পরীক্ষা দেওয়ার চেষ্টা করা অপরাধ। এইরূপ করিলে (ক) সকল পরীক্ষা বাতিল এবং (খ) বিশ্ববিদ্যালয় হইতে চিরকালের জন্য বহিষ্কার করা হইবে।	৮। পরীক্ষার্থীর পক্ষে অন্য কোন ব্যক্তি পরীক্ষা দেওয়া অথবা পরীক্ষা দেওয়ার চেষ্টা করা অপরাধ। এইরূপ করিলে সংশ্লিষ্ট পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের (ক) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (খ) বিশ্ববিদ্যালয় হইতে চিরকালের জন্য বহিষ্কার করা হইবে।
৯। পরীক্ষার্থী পরীক্ষা কক্ষে উপস্থিত হইয়া অন্য কাহারো দ্বারা প্রশ্নের উত্তর লেখানো বা দেখানোর চেষ্টা করা অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে ঐ পরীক্ষার্থীর (ক) সকল পরীক্ষা বাতিল এবং (খ) দুই বৎসরের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।	৯। পরীক্ষার্থী পরীক্ষা কক্ষে উপস্থিত হইয়া অন্য কাহারো দ্বারা প্রশ্নের উত্তর লেখানো, বা দেখানোর চেষ্টা করা অপরাধ। কোন পরীক্ষার্থী এইরূপ করিলে ঐ পরীক্ষার্থীর (ক) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (খ) চার টার্ম/সেমিস্টারের জন্য বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করা হইবে।
১০। পরীক্ষার্থী কর্তৃক ব্যবহৃত চেয়ার বা ডেস্কে পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কোন রকম লেখা থাকা অপরাধ। এইরূপ লেখা পাওয়া গেলে (ক) ঐ পরীক্ষা বাতিল এবং (খ) বিশ্ববিদ্যালয় হইতে এক বা দুই বৎসরের জন্য বহিষ্কার করা হইবে।	১০। পরীক্ষার্থীর দেহের কোন অংশে অথবা পরীক্ষার্থী কর্তৃক ব্যবহৃত চেয়ার, ডেস্ক, instrument box, স্কেল, ইত্যাদিতে পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কোন রকম লেখা থাকা অপরাধ। এইরূপ লেখা পাওয়া গেলে ঐ পরীক্ষার্থীর (ক) ঐ টার্ম/সেমিস্টারের সকল বিষয়ের পরীক্ষা বাতিল এবং (খ) বিশ্ববিদ্যালয় হইতে দুই হইতে চার টার্ম/সেমিস্টারের জন্য বহিষ্কার করা হইবে।
১১। পরীক্ষার্থীর কাছে Programmable Calculator, Digital Diaries এবং পরীক্ষা সংক্রান্ত তথ্য বহনযোগ্য অন্যান্য পাওয়া গেলে (ক) ঐগুলি আটক; (খ) ঐ পরীক্ষা বাতিল এবং পরীক্ষা কক্ষ হইতে বহিষ্কার করা হইবে।	১১। পরীক্ষার্থীর কাছে অনুমোদিত Calculator ব্যতিত অন্য কোন Calculator পাওয়া গেলে (ক) উহা বাজেয়াপ্তকরণ; (খ) ঐ বিষয়ের পরীক্ষা বাতিল এবং পরীক্ষা কক্ষ হইতে বহিষ্কার করা হইবে।

3-7-2015